Notice

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

০২ জ্যৈষ্ঠ, ১৪২৫

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.২৬.০৩১.১৭-৮১ তারিখঃ--------------------

১৬ মে, ২০১৮

সভার নোটিশ

"সরকারি খাতে পণ্য পরিবহণের জন্য জাহাজ ভাড়াকরণ নীতিমালা, ২০১৮" এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি এঁর সভাপতিত্বে আগামী ২৪-০৫-২০১৮ তারিখ বেলা ৩-০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন-৬, কক্ষ নং-৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার কিংবা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। "সরকারি খাতে পণ্য পরিবহণের জন্য জাহাজ ভাড়াকরণ নীতিমালা, ২০১৮" এর উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার মতামত সম্বলিত খসড়া কার্যপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬.৫.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়,শিল্প ভবন, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা।
০৬। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৮। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৫। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), শেরেবাংলা নগর, ঢাকা।
১৬। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১৭। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
১৮। চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি), ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
২০। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, ঢাকা।
২১। বর্তমান চার্টারিং কমিটি'র সকল সদস্য।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (জননিরপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত কর্মকর্তাদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (সংস্থা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

সরকারি খাতে পণ্য পরিবহনে জাহাজ ভাড়াকরণ নীতিমালা, ২০১৮ (খসড়া)

ক্রমিক নং	শিরোনাম	প্রস্তাবিত অনুচ্ছেদ	মতামত প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	মতামত	একমত পোষনকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা
১.১	পটভূমি	বাংলাদেশের জাতীয় উন্নয়নের জন্যে একটি দক্ষ সমুদ্রগামী জাহাজ চলাচল ব্যবস্থা থাকা অপিরিহার্য। জাহাজ চালনার সুদীর্ঘ ঐতিহ্য ও সমুদ্র যাত্রার সমৃদ্ধ অভিজ্ঞতার ভিত্তিতে কর্মসংস্থানের বৃহত্তর সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকার এ খাতের উন্নয়নে আগ্রহী। এতদুদ্দেশ্যে, সরকারের কার্যবিধিমালা (Rules of Business) ১৯৯৬ এর অধীন প্রনীত Allocation of Business among the different ministries and Divisions এর আওতায় শিপিং সংশ্লিষ্ট কাজ পরিচালনার দায়িত্ব সরকার কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের উপর ন্যাস্ত রাখা হয়। তদানুযায়ী আন্তর্জাতিক নৌপথে দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদানসহ সংশ্লিষ্ট সকল কার্য সম্পাদনের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখার উদ্দেশ্যে ১৯৭২ সনের ৫ ফেব্রুয়ারি তারিখে মহামান্য রাষ্ট্রপতির ১০নং আদেশবলে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠিত হয়, যা বর্তমানে বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ দ্বারা পরিচালিত হচ্ছে। বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর ৪নং ধারার ২(ক) উপধারা মোতাবেক জাহাজ অথবা নৌযান অর্জন করা, ভাড়া করা, ভাড়া দেওয়া, দখলে রাখা বা হস্তান্তর করার ক্ষমতা বিএসসির উপর অর্পণ করা হয়েছে। আইন প্রদত্ত ক্ষমতাবলে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি সরকারি খাতে বিভিন্ন পণ্য পরিবহনের নিমিত্ত বিএসসি'র নিজস্ব জাহাজ ভাড়া দেওয়া এবং সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষে জাহাজ ভাড়া করার সার্বিক কার্যক্রম নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত দিক নির্দেশনার আলোকে বিএসসি অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে পরিচালনা করছে। এছাড়া জাতীয় দুর্যোগ ও সংকটকালীন পরিস্থিতিতেও আন্তর্জাতিক সমূদ্রপথে পণ্য পরিবহন কাজে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসিএর (উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তাই সরকারি খাতে সমূদ্র পথে পণ্য পরিবহনের নিমিত্ত জাহাজ চার্টার সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সরকারের রূলস অব বিজনেস এর আওতায়	মন্ত্রিপরিষদ বিভাগ	পটভূমি সংক্ষিপ্ত ও যথার্থ হওয়া সমীচীন।	পরিকল্পনা, অর্থ, জ্বালানি ও খনিজ সম্পদ, বস্ত্র ও পাট জনপ্রশাসন , কৃষি এবং শিল্প মন্ত্রণালয়সহ সমূদ্র পরিবহন অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, বিসিআইসি, বিপিসি'র দ্বিমতসূচক মতামত নেই।

		বিশেষায়িত রাষ্ট্রীয় সংস্থা হিসেবে বিএসসি'র মাধ্যমে সম্পন্ন হওয়া অত্যাবশ্যক। যেহেতু, সরকারি খাতে সমূদ্রপথে পণ্য পরিবহণের নিমিত্ত জাহাজ চার্টারিং ব্যবস্থাকে একটি সমন্বিত কাঠামোর আওতায় আনা এবং জাহাজ চার্টার সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর ৪নং ধারার ২(ক) উপধারার বিধান সুষ্টুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে আন্তর্জাতিক ও দেশীয় নৌবাণিজ্য আইন, বিধি-বিধান এর সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান চার্টারিং কমিটির Ground Rule যুগোপযোগী করে জাহাজ ভাড়াকরণ নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়, সেহেতু আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ এবং অংশীজনদের (Stakeholders) সাথে আলোচনার ভিত্তিতে জাতীয় বৃহত্তর স্বার্থে সরকার কর্তৃক নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলঃ			
১.২	সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তণ	**১.২.১** এই নীতিমালা সরকারি খাতে পণ্য পরিবহনে জাহাজ ভাড়াকরণ নীতিমালা ২০১৮ " নামে অভিহিত হবে। **১.২.২** ইহা অবিলম্বে কাযকর হবে।	নাই	নাই	সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই।
১.৩	নীতিমালার উদ্দেশ্য	১.৩.১ আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদান। ১.৩.২ সরকারি খাতে পণ্য পরিবহনের জন্যে জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত বর্তমান কার্যক্রমকে আরও অধিক স্বচ্ছ ও জবাবদিহিতার মাধ্যমে এনে সুশৃঙ্খল এবং নিয়মতান্ত্রিক উপায়ে কাজ সম্পাদন করা। ১.৩.৩ জাতীয় শিপিং লাইনস পরিচালনা ও উন্নয়নে সহায়তা প্রদান।	মন্ত্রিপরিষদ বিভাগ	"আমদানি রপ্তানী বৃদ্ধিকরণ" শব্দগুচ্ছ যুক্ত করা যেতে পারে।	সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই।
১.৪	নীতিমালার প্রয়োগ ও প্রযোজ্যতা	সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত সংবিধিবদ্ধ সংস্থা বা রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান কর্তৃক সমূদ্রপথে পণ্য পরিবহনের নিমিত্ত জাহাজ ভাড়া করার যাবতীয় কার্যক্রমসমূহ এ নীতিমালা অনুযায়ী সম্পাদিত হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ	বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ভাড়া করা জাহাজ অন্তর্বতীকালীন সময়ে বেসরকারি খাতে পণ্য পরিবহসন ব্যবহার করা যায়	সংশ্লিষ্ট অপরাপর মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/অংশীজনদের (Stakeholders) দ্বিমতসূচক মতামত নেই।